যুগান্তর

তারিখ 02 FEB 2016
পৃষ্ঠা ৩ কলাম ৪

# বগুড়ায় পুলিশ পাহারায় এসএসসি পরীক্ষা দিচ্ছে ছাত্রী

**বগুড়া ব্যুরো**

বগুড়া শহরতলির গোকুল মধ্যপাড়ায় বিয়ে না দেয়ায় এক স্কুলছাত্রীর বাড়িতে হামলা চালিয়ে ভাংচুর ও অগ্নিসংযোগ করেছে যুবলীগ ক্যাডাররা। বাড়ি থেকে ৫০ হাজার টাকা মূল্যের ষাঁড় গরু নিয়ে গেছে। অব্যাহত হুমকির মুখে সোমবার ওই ছাত্রী পুলিশ পাহারায় স্কুলে গিয়ে এসএসসি পরীক্ষা দিয়েছে। এরপরও সন্ত্রাসীরা মোবাইল ফোনে তার বাবাকে হুমকি দেয়। এতে পরিবারটি আতংকে দিনাতিপাত করছে।

অভিযোগে জানা যায়, বগুড়া সদর উপজেলার গোকুল মধ্যপাড়ার জিন্নাহ মিয়ার মেয়ে স্থানীয় তমিরননেছা উচ্চ বালিকা বিদ্যালয়ের এসএসসি পরীক্ষার্থী এবং তার ভাগ্নি বাবলু মিয়ার মেয়ে একই স্কুলে সপ্তম শ্রেণীর ছাত্রী। সম্প্রতি একই এলাকার ওয়াহেদ আলীর ছেলে যুবলীগ ক্যাডার আকুল ও আতোয়ারের ছেলে রাব্বি ওই দুই ছাত্রীকে উত্ত্যক্ত করতে শুরু করে। একপর্যায়ে আকুল এসএসসি পরীক্ষার্থীকে এবং রাব্বী সপ্তম শ্রেণীর ছাত্রীকে বিয়ের প্রস্তাব দেয়। অভিভাবকরা বখাটেদের সঙ্গে মেয়ে বিয়ে দিতে রাজি না হওয়ায় তারা ক্ষিপ্ত হয়। জিন্নাহ মিয়া অভিযোগ করেন, ১০ জানুয়ারি রাত ৮টার দিকে আকুল ও রাব্বী দলবল নিয়ে বাড়িতে এসে তার মেয়ে ও ভাগ্নিকে তুলে নিয়ে যাওয়ার চেষ্টা করে। ব্যর্থ হলে সন্ত্রাসীরা

**ছাত্রী : পৃষ্ঠা ৭ : কলাম ৭**

## ছাত্রী : পরীক্ষা দিচ্ছে

**(৩য় পৃষ্ঠার পর)**

বাড়িঘরে হামলা চালিয়ে আসবাব ও পানির ট্যাংকি ভাংচুর এবং খড়ের গাদায় আগুন দেয়। জিন্নাহর স্ত্রীকে আগ্নেয়াস্ত্র দেখিয়ে মেয়েদের তাদের সঙ্গে বিয়ে না দিলে সবাইকে পুড়িয়ে মারার হুমকি দেয়। বাধ্য হয়ে তারা দুই মেয়েকে অন্য এলাকায় আত্মীয়ের বাড়িতে লুকিয়ে রাখেন। আকুল বাহিনী এতে আরও ক্ষিপ্ত হয় এবং ২২ জানুয়ারি তার (জিন্নাহ) বাড়িতে এসে ৫০ হাজার টাকা দামের ষাঁড় গরু নিয়ে যায়। বিষয়টি জানতে পেরে ঊর্ধ্বতন পুলিশ কর্মকর্তারা রোববার দুই ছাত্রীকে বাড়িতে ফিরে আনার উদ্যোগ নেন। রাতে জিন্নাহ মিয়ার ভাই আবদুস সালাম সদর থানায় আকুল ও রাব্বীসহ ৮ সন্ত্রাসীর বিরুদ্ধে মামলা করেন। পুলিশ রাতেই এদের সহযোগী জিএম ও সনিকে গ্রেফতার করে। সোমবার সকালে পুলিশ বাড়ি থেকে জিন্নাহর মেয়েকে গোকুল তছলিম উদ্দিন উচ্চবিদ্যালয় কেন্দ্রে এসএসসি পরীক্ষা দিতে নিয়ে যায়। পরীক্ষা শেষে বাড়িতে পৌঁছে দেয়। জিন্নাহ মিয়া অভিযোগ করেন, পরীক্ষা চলাকালে আকুল মোবাইল ফোনে তাকে আবারও হুমকি দিয়েছে।